

ভিসা প্রক্রিয়াকরণ তথ্যাবলি

ভিসা লজমেন্ট
প্রস্তুতি



ভিসা লজমেন্ট
কার্যক্রম



ভিসার আবেদন



আবেদন যাচাই করণ

সৌদি হজ্জ কর্তৃপক্ষ

- প্রতিটি হজ্জ এজেন্সিকে সৌদি আরব মন্ত্রণালয় তাদের ওয়েবপোর্টালের ইউজার ও পাসওয়ার্ড সরাসরি প্রদান করেন।

হজ্জ এজেন্সী

- সরাসরি সৌদি সরকারের হজ্জ সিস্টেমে নিজস্ব পাসওয়ার্ড ব্যবহার করে নিজেরাই সম্পাদন করবে।
- ভিসা লজমেন্ট কেন্দ্র বা নিজস্ব পাসপোর্ট স্ক্যানার মেশিন ব্যবহার করবে।

হজ্জ এজেন্সী

- হজ্জ এজেন্সী নিজ প্যাডে হজ্জযাত্রীদের তালিকা এবং ফ্লাইট এর টিকেট এর নিশ্চয়তাপত্রসহ পরিচালক হজ্জ অফিসের নিকট আবেদন করবেন।

ঢাকা হজ্জ অফিস

- হজ্জ অফিসের কর্মকর্তাবন্দ এজেন্সীর আবেদন তাদের নিকট রক্ষিত সোনালী ব্যাংক কর্তৃক প্রেরিত হজ্জযাত্রীদের তালিকার সাথে অন্যান্য বিষয়াবলী বিবেচনা ও যাচাই করে ডিও প্রদানের সুপারিশ করবেন।

ভিসার প্রক্রিয়াকরণ তথ্যাবলি

পাসপোর্ট সৌদি দূতাবাসে
প্রেরণ



পাসপোর্ট ভিসা প্রদান



ভিসাসহ পাসপোর্ট ফেরত

ঢাকা হজ্জ অফিস

- সুপারিশকৃত ডিও, পরিচালক হজ্জ অফিসের চিঠিসহ সকল পাসপোর্ট হজ্জ অফিসের মাধ্যমে সৌদি দূতাবাসে জমা হবে।

সৌদি দূতাবাস

- ভিসা লজমেন্ট সঠিক হলে ও সৌদি মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে পাসপোর্টে ভিসা প্রদান করা হয়।

ঢাকা হজ্জ অফিস ও হজ্জ এজেন্সী

- সৌদি দূতাবাস হতে ভিসাসহ পাসপোর্ট ফেরত এনে হজ্জ অফিস হজ্জ এজেন্সীকে ফেরত দেবে

সাধারণ প্রশ্নাবলি

১. ধর্ম মন্ত্রণালয়ের ওয়েবসাইটে তথ্য থাকলেই কি হজ্জ ভিসা নিশ্চিত ?

উত্তর : হজ্জ ব্যবস্থাপনা সিস্টেমে (HMIS) এ তথ্য থাকলেই তা ভিসার জন্য বিবেচিত নাও হতে পারে। ভিসার জন্য সৌদি কর্তৃপক্ষ তাদের MoFA / e-Haj System এ এজেন্সী কর্তৃক সরাসরি প্রদত্ত তালিকাকে ব্যবহার করে যা সরাসরি বাংলাদেশ সরকারের হজ্জ ব্যবস্থাপনা সিস্টেমের সাথে সংশ্লিষ্ট নয়। হজ্জ অফিস ঢাকা, তাদের নিকট রক্ষিত ব্যাংক তালিকা (ব্যাংকে এজেন্সী কর্তৃক প্রদত্ত হজ্জযাত্রীদের তালিকা যা ব্যাংক কর্তৃপক্ষ পরিচালক ঢাকা হজ্জ অফিসে প্রদান করে) ও এজেন্সীর ভিসার আবেদনকৃত তালিকা যাচাই করে ভিসার ডিও দেয়।

সাধারণ প্রশ্নাবলি

২. ঢাকা হজ্জ অফিসের ডিও ছাড়া কি হজ্জ ভিসা পাওয়া যাবে ?

উত্তর : সৌদি আরবে অবস্থিত কর্মরত বাংলাদেশীদের সরাসরি স্পন্সর বা সৌদি রাজকীয় অতিথি হিসাবে যারা হজ্জ ভিসা পান তাদের জন্য ঢাকা হজ অফিসের ডিও প্রযোজ্য নয় ।

৩. হজ্জ ভিসা হলেই কি হজ্জ যাত্রা নিশ্চিত ?

উত্তর : হজ্জ ভিসা থাকলেই হজ্জ যাত্রা নিশ্চিত নয় । ঢাকা ইমিগ্রেশন পুলিশ বা সৌদি কর্তৃপক্ষের কোনরূপ বিরূপ প্রতিবেদন বা সন্দেহ ভাজন এর কারণে ভিসা হলেও হজ্জ যাত্রা বাতিল হতে পারে ।